

(একই তারিখ ও স্মারকে ছাড়াইযুক্ত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)  
ঈশ্বরদী, পাবনা

স্মারক নং-৫১.০১.৭৬৩৯.৬১৬.১১.০০১.১৫-৬৮

তারিখঃ- ০২/০৩/২০২৬ খ্রিঃ

বিষয়ঃ- আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৬ উপলক্ষে ডিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদানের জন্য পুনঃ বরাদ্দকৃত কার্ড সংখ্যা মতে উপকারভোগীর তালিকা প্রস্তুত করে দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ- দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ঢাকার স্মারক নং-৫১.২১.০০০০.০১৮.২০.০০৩২.২৫-১৮৬ তাংঃ- ২২/০২/২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারক পত্র মতে ২০২৫-২০২৬ অর্থ বছরে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে অতিদরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারের মাঝে বিতরণের জন্য অত্র উপজেলায় খাদ্যশস্য সহায়তা বাবদ ১৫,৫৪৩টি কার্ডের বিপরীতে প্রতি কার্ডে ১০ (দশ) কেজি হারে ১৫,৫৪৩মেঃ টন চাল সহায়তা প্রদানের জন্য বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত চাল বিতরণের জন্য প্রকৃত উপকারভোগীদের অধিকার তালিকা যথানিয়মে ইউনিয়ন মানবিক সহায়তা কমিটির সিদ্ধান্ত মতে উপকারভোগীর তালিকা প্রনয়ন করে ইউনিয়ন কমিটির রেজুলেশনসহ ০২ (দুই) প্রস্থ স্বচ্ছ হার্ড ও সফট কপি আগামী ০৫/০৩/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে তালিকা জমা দেয়ার জন্য বলা হলো।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	পুনঃ বরাদ্দকৃত কার্ড সংখ্যা (টি)
১	সাড়া	১,৬৪০
২	পাকশী	২,২৩০
৩	মুলাডুলি	২,৬০৪
৪	দাশুড়িয়া	২,০৯১
৫	ছলিমপুর	২,৮৬৩
৬	সাহাপুর	২,৭০০
৭	লক্ষীকুন্ডা	১,৪১৫
সর্বমোট=		১৫,৫৪৩ টি কার্ড

শর্তাবলীঃ-

- ক. বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ডিজিএফ কার্ড সংখ্যা পুনঃ বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। [www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd) এ ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে;
- খ. নিরপেক্ষতা ও স্বচ্ছতার সহিত Vulnerable Group Feeding (VGF) এর প্রকৃত উপকারভোগী যাচাই-বাছাই করিবার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার কতৃক মনোনীত সংশ্লিষ্ট এলাকার দুই জন গণ্যমান্য ব্যক্তির (১ জন পুরুষ ও ১ জন নারী) সমন্বয়ে গঠিত বাছায় কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।
- গ. দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্রকে অধিকার দিতে হবে।
- ঘ. মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর ধারা-৬ অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গন্য হবে।

০১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
০২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
০৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
০৪. যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই এবং পরিবার টি অস্বচ্ছল।
০৫. যে পরিবারের স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
০৬. যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই।
০৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্ত, বিচ্ছিন্ন বা তালাক প্রাপ্ত মহিলা এবং পরিবারটি অস্বচ্ছল।
০৮. যে পরিবারের প্রধান অস্বচ্ছল মুক্তিযোদ্ধা।
০৯. যে পরিবারের প্রধান অস্বচ্ছল ও অক্ষম প্রতিবন্ধী।
১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায় না।

- ঘ. ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যাখ্যিত হতে হবে।  
ঙ. তালিকা প্রনয়নে আশ্রয়ণ ও গুচ্ছছামে বসবাসরত উপকারভোগীদের অগ্রাধিকার দিতে হবে।  
চ. ভিজিএফ উপকারভোগীর তালিকা এমন ভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।

প্রাপক ঃ-

চেয়ারম্যান, প্রশাসক- সাঁড়া/পাকশী/মুলাডুলি/দাশুড়িয়া/ছলিমপুর/সাহাপুর/  
লক্ষীকুন্ডা, ইউনিয়ন পরিষদ, ঈশ্বরদী, পাবনা

স্মারক নং-৫১.০১.৭৬৩৯.৬১৬.১১.০০১.১৫-৬৮

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৭১ পাবনা-৪ পাবনা

২। জেলা প্রশাসক, পাবনা

৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, পাবনা

৪। উপজেলা.....অফিসার, ঈশ্বরদী, পাবনা ও .....ইউনিয়নের ট্যাগ অফিসার তাকে

উক্ত তালিকা প্রণয়নে কাজে সংশ্লিষ্ট নির্দেশনা ও নীতিমালার আলোকে তদারকী করার জন্য অনুরোধ করা হলো।

৫। অফিস কপি।



মোঃ আরিফুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
ঈশ্বরদী, পাবনা

ফোননং-০২৫৮৮-৮৪৬৪৮৩  
ই-মেইল-unoishurdi@mopa.gov.bd  
তারিখঃ- ০২/০৩/২০২৬ খ্রিঃ

মোঃ আরিফুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
ঈশ্বরদী, পাবনা

//

মোঃ আরিফুর রহমান  
উপজেলা নির্বাহী অফিসার  
ঈশ্বরদী, পাবনা